

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের (Stakeholders) সঙ্গে
মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	বেগম জেবুন্নেছা করিম অতিরিক্ত সচিব (প্রশাসন) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	ভার্চুয়াল প্ল্যাটফর্ম, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	১৬ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
সময়ঃ	বিকাল ০৩.০০ ঘটিকায়

মতবিনিময় সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার শুরুতেই ভার্চুয়াল প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন, মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিশ্চিত করার জন্য শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের (Stakeholders) সমন্বয়ে এ সভা আহ্বান করা হয়েছে। সভাপতি আরো বলেন, এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ ক্রমবর্ধমান বিপুল সংখ্যক শ্রমজীবী মানুষের আইনগত অধিকার বাস্তবায়নসহ স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি তথা শ্রমিকদের সামগ্রিক কল্যাণ নিশ্চিতের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। এ বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন।

২। অতঃপর সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিগণ এ সভা আহ্বান করার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান এবং তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। মালিকপক্ষের প্রতিনিধি জনাব সালাহউদ্দিন আহমেদ, ডিজিএম, ইভ-ডেস-শার্ট লিমিটেড ও জনাব শেখ তাইফুল মিরাজ, ডেপুটি ম্যানেজার (কমপ্রোগ্রাম), সাউদান গার্মেন্টস লিমিটেড বলেন, শ্রমিকপক্ষ অধিকার সচেতন হলে এবং মালিকপক্ষ কারখানার শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিত হলে উভয়পক্ষের মধ্যে সুসম্পর্ক স্থাপিত হবে এবং কাজের পরিবেশ উন্নত হবে ফলে উৎপাদন বৃদ্ধি পাবে। উভয়েই অধিকহারে কারখানা পরিদর্শন এবং উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের জন্য অনুরোধ করেন। শ্রমিকপক্ষের প্রতিনিধি মোছাঃ উম্মে কুলসুম, কোয়ালিটি ইন্সপেক্টর, কোয়ালিটি আসুরেন্স বিভাগ এবং জনাব মোঃ রকিবুল ইসলাম, কোয়ালিটি ইন্সপেক্টর, সাউদান গার্মেন্টস লিমিটেড স্ব স্ব কর্মক্ষেত্রে শ্রমিকদের অধিকার নিশ্চিত করা হচ্ছে মর্মে জানান।

৩। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নারায়ণগঞ্জ কার্যালয়ের উপ-মহাপরিদর্শক জনাব সৌমেন বড়ুয়া জানান, শিল্প সম্পর্ক শিক্ষায়তনে (আইআরআই) যথাসম্ভব প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। তবে মালিকপক্ষ শ্রমিকদের প্রশিক্ষণ প্রদানে আগ্রহী হলে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের সহযোগিতায় প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। ডাঃ নাজমুন নাহার, উপ- মহাপরিদর্শক, স্বাস্থ্য, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শ্রম কল্যাণ কেন্দ্রসমূহে টেলিমেডিসিন ব্যবস্থাসহ শ্রমিকদের চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে সভাকে অবহিত করেন।



চলমান

৬

সভাপতি বলেন, অসুস্থ, যত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যগণ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে এবং পোশাক শিল্পে কর্মরত শ্রমিকগণ কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক সাহায্য গ্রহণ করতে পারে। তিনি সিটিজেন চার্টার অনুযায়ী সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) শিল্প সম্পর্ক শিক্ষায়তনে (আইআরআই) স্বাস্থ্যবিধি মেনে শ্রমিকদের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রশিক্ষণে শ্রম আইন ২০০৬ ও নিম্নতম মজুরী সম্পর্কে অবহিত করতে হবে ;

(খ) স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক কারখানার মালিকপক্ষকে যথাসম্ভব শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রশিক্ষণে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে রিসোর্স পারসন নেয়া যেতে পারে;


(গ) সিটিজেন চার্টার অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক সেবাগ্রহীতাদের সেবা প্রদান করতে হবে;

(ঘ) অধিদপ্তর/দপ্তর/সংস্থার উত্তম চর্চাসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে;

(ঙ) উদ্বুদ্ধকরণ সভা আয়োজন এবং কারখানা পরিদর্শন কার্যক্রম যথাসম্ভব বৃদ্ধি করতে হবে। কারখানা পরিদর্শনের সময়ে শ্রম আইন, ২০০৬ এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; এবং

(চ) টেলিমেডিসিন সেবাসহ চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে শ্রম কল্যাণ কেন্দ্রের ফোন নাম্বারসমূহ সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

৪। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১৭/৩/২০২০

বেগম জেবুন্নেছা করিম

অতিরিক্ত সচিব (প্রশাসন)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়